# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 16-09-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর জন্য বাড়তি কর্মী চেয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর নির্বাচন কমিশনকে চিঠি লিখেছেন।

২) আসন্ন দুর্গোৎস উপলক্ষে অর্থ মন্ত্রক, পশ্চিমবঙ্গের কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য সেপ্টেম্বর মাসের বেতন ২৬ তারিখের মধ্যে দেওয়ার কথা জানিয়েছে।

৩) এস এস কে এম হাসপাতাল চত্ত্বরে আজ নব নির্মিত দ্বিতীয় উডবার্ন ভবনের উদ্বোধন হয়েছে।

৪) উচ্চ প্রাথমিকে কাট অফ মার্কসের থেকে কম নম্বর পাওয়ার সত্ত্বেও নম্বর বাড়িয়ে চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগ উঠেছে স্কুল সার্ভিস কমিশনের বিরুদ্ধে।

৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের গৌরব ফেরাতে বিজেপিকে ক্ষমতায় আনতে হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে এ এফ সি চ্যাম্পয়ান্স লিগ-টু-র গ্রুপ-সির ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্টস্ আজ তুর্কমেনিস্তানের আহল এফ কে-র মুখোমুখি হয়েছে।

ooooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর জন্য বাড়তি কর্মী চেয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, নির্বাচন কমিশনকে চিঠি লিখছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এরাজ্যে এস আই আর সংক্রান্ত কাজের জন্য কয়েক লক্ষ কর্মী প্রয়োজন। ডেটা এন্ট্রি অপারেটর থেকে শুরু করে বিভিন্ন কাজের জন্য উপযুক্ত কর্মীর চাহিদা মেটাতে ইতমধ্যেই তৎপরতা শুরু হয়েছে। রাজ্য সরকারি কর্মীর পাশাপাশি বিভিন্ন স্বীকৃত এজেন্সি থেকেও দক্ষ কর্মী নিয়োগের পরিকল্পনা রয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে।

এদিকে, এরাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর জন্য সংশ্লিষ্ট কাজের সঙ্গে যুক্ত আধিকারিকদের প্রশিক্ষণ পর্ব আজ থেকে শুরু হয়েছে। রাজ্যের বিভিন্ন জেলার জেলা নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত জেলা শাসক, ওসি ইলেকশন এবং নির্বাচনের কাজে যুক্ত অন্যান্য আধিকারিকরা প্রশিক্ষণ কর্মসুচিতে যোগদান করেন।

oooooooooooooooooooo

আসন্ন দুর্গোৎসব উপলক্ষে অর্থ মন্ত্রক, বাংলার সর্বস্তরের কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য সেপ্টেম্বর মাসের বেতন অগাম দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রকের পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী ২৬-শে সেপ্টেম্বর শুক্রবার এই বেতন দেওয়া হবে। মাইনের পাশাপাশি কেন্দ্রীয় সরকারী দফতরে কর্মরতদের মজুরী এবং অবসরপ্রাপ্তদের পেনশানও ওই দিন দিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন মন্ত্রক। পশ্চিমবঙ্গের কর্মীদের জন্য এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর করতে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলিকে নির্দেশ দিয়েছে ভারতের রিজার্ভ ব্যাঙ্ক।

এদিকে, কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে সন্তোষ ব্যক্ত করেছেন, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এক্স বার্তায় তিনি বলেছেন, বাঙালীর সর্ব শ্রেষ্ঠ উৎসব দুর্গা পুজোর আগে এই উদ্যোগ শুধুমাত্র বাঙালী কেন্দ্রীয় সরকারী কর্মীদে জন্য অর্থনৈতিক

স্বস্তিই নয়, বাঙালী আবেগে এক অনন্য সম্মান। এই পদক্ষেপ আবারও প্রমাণ করেছে, আনন্দ উৎসবে কেন্দ্রীয় সরকার আন্তরিকভাবে বাংলার সংস্কৃতির পাশে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জিএসটি হারে সরলীকরণ, পরিবর্তনের পদ্ধতি ও কম সময়ের মধ্যে ট্যাক্স রিটার্ন এবং সর্বোপরি দেশের সাধারণ মানুষের সুবিধা এই তিনটি দিককে বিশেষভাবে তুলে ধরে পণ্য পরিষেবা কর কাঠামোয় ঘোষিত পরিবর্তন করা হয়েছে। আজ কলকাতায় মার্চেন্ট চেম্বার অফ কমার্স আয়োজিত জিএসটি টু পয়েন্ট ও সম্মেলনে জিএসটি পরিষদের কলকাতা জোনের মুখ্য কমিশনার শ্রবণ কুমার বলেন, কেন্দ্রীয় সরকারের লক্ষ্যই হলো সাধারণ মানুষের উপকার করা। সেই কারণেই জি এস টি হারে এই পরিবর্তন।

অনুষ্ঠানে উপস্থিত রাজ্যে সরকারের কমার্শিয়াল ট্যাক্স কমিশনার ড উমা শংকর এস বলেন, বহু প্রতিকূলতা পেরিয়ে পণ্য পরিষেবা কর এখন মানুষের সব আশা পূরণ করেছে। এই পরিবর্তন সাধারণ মানুষ এবং বাণিজ্য মহল দুই প্রান্তের মানুষেরই সুবিধা করবে।

(বাইট- উমা শঙ্কর)

শীর্ষ আদালতের আইনজীবী সুরাতের ড অবিনাশ পোদ্দার এবং দিল্লির আইনজীবী বিমল জৈন gst র আইনি দিক গুলো সম্পর্কে অবহিত করেন। মাইসিসিআইএর gst পরিষদের চেয়ারম্যান সুশীল কুমার গোয়েল অনুষ্ঠানের পৌরহিত্য করেন। পরে একটি প্যানেল ডিসকাশনএরো আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার অগ্রগতি ও উন্নতির উদ্দেশ্যে নিরন্তর কাজ করে চলেছে। মোদী সরকার দেশে জলবায়ু সংক্রান্ত

সমস্যা নিরসন থেকে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদন, জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিয়ে আন্তর্জাতিক আলোচনার মঞ্চে ভারত নতুন দৃষ্টান্ত তৈরি করেছে। আজ বিশেষ কর্মসুচী সেবা পর্বের আওতায় থাকছে সেই সংক্রান্ত একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট - অভিজিত)

oooooooooooooooooooooo

অল্প খরচে কর্পোরেট হাসপাতালের সমতুল পরিষেবা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এসএসকেএম হাসপাতাল চত্বরে নবনির্মিত দ্বিতীয় উডবার্ন ভবনের উদ্বোধন করেছেন। ১০২টি কেবিন ও আটটি স্যুট বিশিষ্ট ‘অনন্য’ নামের এই ওয়ার্ড নির্মাণে খরচ হয়েছে প্রায় ৬৭ কোটি টাকা। উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, নতুন এই ওয়ার্ডের আধুনিক পরিষেবা যে কোনও কর্পোরেট হাসপাতালের সঙ্গে পাল্লা দেবে, তবে খরচ হবে অনেক কম। স্বাস্থ্য দফতর সিঙ্গল কেবিনের ভাড়া ৭ হাজার টাকা ধার্য করেছিল, মুখ্যমন্ত্রী নিজে তা কমিয়ে ৫ হাজার টাকা করেছেন। স্যুটের ভাড়া নির্ধারিত হয়েছে ৮ হাজার টাকা। আইটিইউর ভাড়া ১৫ হাজার টাকা এবং এইচডিইউর খরচ ১২ হাজার টাকা রাখা হয়েছে।

একই মঞ্চে মুখ্যমন্ত্রী আরও কয়েকটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য প্রকল্পের উদ্বোধন করেন। এর মধ্যে রয়েছে কলকাতা পুলিশ হাসপাতালের নতুন ক্রিটিক্যাল কেয়ার ব্লক, লি রোডে সাততলা ছাত্রাবাস। রেডিওলজি বিভাগে বসানো হয়েছে অত্যাধুনিক ১২৮ স্লাইস সিটি স্ক্যান মেশিন ও সম্পূর্ণ রোবোটিক সার্জিক্যাল সিস্টেম, যেগুলির ব্যয় যথাক্রমে। এছাড়া নিউরোসায়েন্স ইনস্টিটিউটের অপারেশন থিয়েটার সংস্কার, স্বাস্থ্য ভবনের নতুন অ্যানেক্স ভবন এবং ড্রাগ কন্ট্রোল অধিদফতরের আধুনিক ভবনেরও এদিন উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, জনস্বাস্থ্যের উন্নয়নই সরকারের অগ্রাধিকার। সাধারণ মানুষের চিকিৎসা যাতে আধুনিক, দ্রুত ও সুলভ হয়, সেই লক্ষ্যেই এই প্রকল্পগুলি বাস্তবায়ন করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এসএসকেএম হাসপাতালে আজ চালু হওয়া দ্বিতীয় উডবার্ন ভবন উদ্বোধনের ফলে সরকারী হাসপাতালগুলিতে বে-সরকারীকরণের পথ আরও সুগম হলো বলে, মেডিকেল সার্ভিস সেন্টার মত প্রকাশ করেছে। সংগঠনের রাজ্য সম্পাদক ডাক্তার বিপ্লব চন্দ্র বলেছেন, টাকা দিয়ে চিকিৎসা করাতে গেলে স্বাভাবিকভাবেই গরীব মানুষ সরকারী পরিষেবা থেকে বঞ্চিত হবেন।

এছাড়াও ওই আবাসনটি দেখভালের জন্য যে ঠিকাদার সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে, তারই এক ফেসিলিটি ম্যানেজারের বিরুদ্ধে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে স্বাস্থ্যকর্মীকে ধর্ষণে অভিযুক্ত। সেক্ষেত্রে এই সংস্থা কিভাবে এই বরাত পায়, তা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালের ভিতরে স্বাস্থ্যকর্মীকে ধর্ষণের অভিযোগে ধৃত ফেসিলিটি ম্যানেজার জাহির আব্বাস খানকে তমলুক আদালত ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। দীর্ঘদিন ধরে নির্যাতনের বিরুদ্ধে অবশেষে থানায় অভিযোগ দায়ের হলে গতরাতে পুলিশ জাহির আব্বাসকে গ্রেফতার করে। জানা গেছে, একাধিক মহিলাকে ভয় দেখিয়ে ওই ফেসিলিটি ম্যানেজার শারীরিক নির্যাতন চালাতো।

এদিকে, সরকারী হাসপাতালের মধ্যে ধর্ষণের অভিযোগে স্থানীয় বাসিন্দাদের একাংশ আজ পাঁশকুড়া থানায় বিক্ষোভ দেখান। পরিস্থিতি খতিয়ে দেখতে জাতীয় মহিলা কমিশনের একটি দল খুব শীঘ্রই পাঁশকুড়া যাবেন।

অন্যদিকে, আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার পর আবারও একই ঘটনার পুনরাবৃত্তি হওয়ায় সরকারী হসপাতালগুলির নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলছেন বিরোধীরা।

oooooooooooooooooooo

উচ্চ প্রাথমিকে কাট অফ মার্কসের থেকে কম নম্বর পাওয়ার সত্ত্বেও ইন্টারভিউতে ডাকা এবং শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বর বাড়িয়ে দিয়ে চাকরি পাইয়ে দেওয়ার অভিযোগ উঠেছে স্কুল সার্ভিস কমিশনের বিরুদ্ধে। এবিষয়ে কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য, শিক্ষা দপ্তরের সচিবের রিপোর্ট তলব করেছেন। পাশাপাশি যে শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ তাকে মামলায় যুক্ত করে এই মামলার কপি জমা দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি। আগামী ১১ নভেম্বর এই মামলার শুনানি।

উল্লেখ্য, ইতিহাসের চাকরি প্রার্থী জাকির হোসেন ইন্টারভিউয়ের আগে মোট নম্বর পেয়েছিলেন ৭৪ দশমিক ছয় আট।

এদিকে পরীক্ষায় কাট অফ মার্কস ছিল ৭৫ দশমিক সাত তিন। এছাড়াও জাকির হোসেনের স্নাতকের প্রাপ্ত নম্বর অনুযায়ী অ্যাকাডেকিম স্কোরে পাওয়ার কথা ১৬। কিন্তু তাকে দেওয়া হয়েছে ১৮। এর বিরুদ্ধেই হাইকোর্টে মামলা দায়ের হয়।

oooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের গৌরব ফেরাতে বিজেপিকে ক্ষমতায় আনতে হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন। কলকাতায় আজ সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত নোংরা পরিবেশ তৈরি হয়েছে।

( বাইট – শুভেন্দু)

সম্প্রতি স্নাতকস্তরে ইংরেজী বিভাগের তৃতীয়বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ক্ষোভ ব্যক্ত করে তিনি বলেন, এই মৃত্যুরও সঠিক কারণ জানা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের দলুয়াখাকি গ্রামে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের তান্ডবে বিরোধী রাজনৈতিক দলের নেতাকর্মীদের বাড়িঘর ভাঙচুর এবং অগ্নি সংযোগের ঘটনায় কলকাতা হাইকোর্ট পলাতক অভিযুক্তদের অবিলম্বে গ্রেফতার করার নির্দেশ দিয়েছে। মোট ১৪ জনের বিরুদ্ধে অভিযোগ থাকলেও তদন্তে নেমে সিআইডি মাত্র ২ জনকে গ্রেফতার করে। বাকি ১২ জনকে আজ অবিলম্বে গ্রেফতার করতে বলেছে আদালত।

মামলাকারীদের অভিযোগ, গত ২ বছর ধরে এই ঘটনায় কোন সদর্থক পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থানা এলাকায় জেলাশাসকের সই জাল করে সরকারী বিভিন্ন প্রকল্পে ৪ কোটি টাকা তছরূপের অভিযোগে পুলিশ জেলাশাসক দফতরে হেড ক্লার্ক কাম ক্যাশিয়ার সুব্রত চন্দ এবং কম্পিউটার অপারেটার দেবদীপ ভট্টাচার্যকে পুলিশ গ্রেফতার করেছে। জানা গেছে, রক্তালপতা নিয়ন্ত্রণ সহ একাধিক সমাজসেবামূলক প্রকল্পে সই জাল করে দফায় দফায় বিপুল পরিমাণ টাকা তুলে নেওয়া হয়। সম্প্রতি সংখ্যালঘু দফতরের নাম করে ২০ লক্ষ টাকার ভুয়ো বিল ট্রেজারি অফিসে জমা দিতেই বিষয়টি প্রকাশ্য আসে। গঠন করা হয় তিন সদস্যের তদন্ত কমিটি। এরপরই গতকাল গভীর রাতে ওই দু’জনকে গ্রেফতার করা হয়। তাদের আজ পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি মাসের ১৯ তারিখ পর্যন্ত রাজ্যের সর্বত্রই ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পূর্ব বিহার ও ঝাড়খণ্ডে অবস্থিত ঘূর্নাবর্তের জেরে বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় এই বৃষ্টি বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। উত্তরের দার্জিলিং কালিম্পং কোচবিহার ও আলিপুরদুয়ারে ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে। দক্ষিণ দিনাজপুরের জন্য রয়েছে হলুদ সর্তকতা। দক্ষিণবঙ্গের বীরভূম মুর্শিদাবাদে ভারী বর্ষণের হলুদ সর্তকতা জারির পাশাপাশি অন্যান্য জেলাগুলিতেও আগামী কয়েক দিন বজ্রপাত ও দমকা হওয়ার সঙ্গে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

এদিকে, দফায় দফায় বৃষ্টি ও মেঘাচ্ছন্ন আকাশের ফলে দিনের সর্বোচ্চ তাপমাত্রা এক ডিগ্রীর বেশি কমে ৩১ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াসে দাঁড়িয়েছে।

oooooooooooooooooooo

বিষ্ণুপুর মল্লরাজ পরিবারের দুর্গাপুজো আজ শুরু হয়েছে। মৃন্ময়ী মন্দিরের এই পুজো এবারে ১ হাজার ২৯ বছরে পড়ল। জিতাষ্টমীর পর থেকেই রীতি এবং ঐতিহ্য মেনে শুরু হয় এই দুর্গাপুজো। হাতে লেখা মন্ত্র পড়ে পিতৃপক্ষের নবমী তিথি থেকে দ্বাদশী পর্যন্ত চলে এই পবিত্র পুজোপাঠ। সকালে রাজবাড়ি সংলগ্ন গোপালসায়রে বড়ঠাকুরাণীর পটের স্নান পর্ব শেষে মন্দিরে প্রবেশের পর প্রথানুযায়ী তিন বার নিকটবর্তী পাহাড়ে তোপধ্বণি দেওয়া হয়। পরে মন্দিরে প্রবেশের মুহূর্তেও দেওয়া হয় তোপধ্বণি পরে দেবীকে অন্নভোগ নিবেদনের সময় আরো তিনবার তোপধ্বণি দেওয়া হয়। বড় ঠাকুরাণীর পুজোর দিন থেকেই মল্লভূমে শারদোৎসবের সূচনা।

উল্লেখ্য, ৯৯৭ খ্রীষ্টাব্দে 'দৈব নির্দেশে' ১৯তম মল্ল রাজা জগৎমল্ল বিষ্ণুপুরে মৃন্ময়ীর মন্দির প্রতিষ্ঠা করেন।

oooooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ মোহনবাগান সুপারজায়ান্ট এ এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু এর গ্রুপ সির ম্যাচে তুর্কমেনিস্তান এর আহল এফ কের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোল শূন্য রয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo